যুগান্তর

তারিখ 25 NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪



ময়মনসিংহের ফুলবাড়িয়ায় কলেজ জাতীয়করণের দাবিতে বৃহস্পতিবার লাঠিসোটা নিয়ে তাণ্ডব চালায় শিক্ষক-শিক্ষার্থীরা যুগান্তর

# কলেজ সরকারিকরণের দাবিতে ফুলবাড়ীয়ায় তাণ্ডব

## এমপির সভামঞ্চসহ অর্ধশতাধিক গাড়ি ভাংচুর

**ফুলবাড়ীয়া প্রতিনিধি**

ময়মনসিংহের ফুলবাড়ীয়া ডিগ্রি কলেজ সরকারিকরণের দাবিতে ব্যাপক ভাংচুর চালিয়েছে আন্দোলনকারীরা। স্থানীয় সংসদ সদস্যের আলোচনাসভার মঞ্চ, আখালিয়া হেলথ সেন্টার, আলম এশিয়া পরিবহন অফিস, প্রায় ৩০টি মোটরসাইকেল, দুটি ট্রাক, একটি অ্যাম্বুলেন্স, তিনটি প্রাইভেটকারসহ ব্যাপক ভাংচুর চালানো হয়েছে। সন্ধ্যা ৭টায় ময়মনসিংহ থেকে শতাধিক মোটরসাইকেল, প্রায় ৪/৫শ' নেতাকর্মীর বিক্ষোভ মিছিল নিয়ে উপজেলা সদরে আসেন সংসদ সদস্য মোসলেম উদ্দিন। এ সময় ব্যাপক আতংকের সৃষ্টি হয় পৌর সদরে: যানবাহন চলাচলসহ দোকপাট বন্ধ হয়ে যায়। সন্ধ্যা সাড়ে ৭টায় তিনি আখালিয়া নদীর ওপর ব্রিজের ভিত্তিপ্রস্তর কাজের উদ্বোধনী ঘোষণা করেন।

বিকাল ৪টায় উপজেলা সদরে আখালিয়া নদীর ওপর ভালুকজান ব্রিজ নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর উদ্বোধনীর কথা ছিল। আন্দোলনকারীরা দুপুর দুইটার দিকে ব্রিজ সংলগ্ন স্থানে জনসভার মঞ্চ ভাংচুর করে ভিত্তিপ্রস্তর ফলক ভেঙে গুঁড়িয়ে দেয়। এরপর থেকে উপজেলা সদরে থমথমে অবস্থা বিরাজ করে। আইনশৃংখলা নিয়ন্ত্রণ রাখতে মোতায়েন করা হয় অতিরিক্ত পুলিশ। বেলা একটা থেকে আন্দোলনকারীরা কলেজ গেটের সামনে ফুলবাড়ীয়া-ময়মনসিংহ সড়কে অবস্থান নিয়ে সড়ক অবরোধ করে রাখেন। এ সময় দু'পাশে সৃষ্টি হয় ব্যাপক যানজটের।

সন্ধ্যা ৬টায় কলেজ জাতীয়করণের দাবিতে আন্দোলনকারীরা অবরোধ শেষে উপজেলা সদরে ব্যাপক তাণ্ডব চালায়। মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের সামনে প্রায় ২৫টি মোটরসাইকেল ভাংচুর করে। এ সময় পুলিশ আন্দোলনকারীদের ধাওয়া দিয়ে ছত্রভঙ্গ করে দেয়। এ সময় একজনকে আটক করে নিয়ে যায় পুলিশ।

উল্লেখ, ৪০ দিন ধরে কলেজ সরকারিকরণের দাবিতে হরতাল, অবরোধ, মানববন্ধন, বিভিন্ন শ্রেণীর-পেশার মানুষের সঙ্গে মতবিনিময়, সাংবাদিক সম্মেলন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপিসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে শিক্ষক-শিক্ষার্থী, কর্মচারীরা ও সাধারণ মানুষ।